তারিখ: 25 JUL 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ৬

প্রথম আলো

# জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

Email:granthokendro@yahoo.com, web:www.nbc.org.bd

## পুস্তক ক্রয়ের জন্য তালিকা আহ্বান

জাতীয় গ্রন্থকেন্দ্রের মাধ্যমে ২০১৬-২০১৭ অর্থ বছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতের অনুদানে বেসরকারি গ্রন্থাগারসমূহের জন্য বই সংগ্রহের উদ্যোগ নেয়া হয়েছে। জাতীয় গ্রন্থকেন্দ্রের বই নির্বাচন সংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা অনুযায়ী বই সরবরাহ করতে আগ্রহী প্রকাশনা সংস্থা/লেখক-প্রকাশককে বইয়ের নামের তালিকা নিম্নে বর্ণিত শর্তাদি অনুযায়ী আগামী ১৫-০৯-২০১৬ তারিখের মধ্যে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০ এর দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।

### শর্তাবলী/নিয়মাবলী

ক) জমাকৃত তালিকার ১ (এক)টি সিডি অবশ্যই Ms Word Format; Table-এ Column, Rows; Sutonny MJ; Font 14-এ হতে হবে। উল্লেখ্য, Ms Excel, Access কিংবা Illustrator-এ করা তালিকার সিডি গ্রহণযোগ্য নয়। তালিকা তৈরিতে Header and Footer; Bullets and Numbering ব্যবহার করা যাবে না। উক্ত সিডিসহ ১৪ (চৌদ্দ) সেট তালিকা জমা দিতে হবে। সিডি ছাড়া কোন তালিকা গ্রহণ করা হবে না।

খ) প্রতিটি শিরোনামের বইয়ের এক কপি করে নমুনা হিসেবে অবশ্যই জমা দিতে হবে।

গ) তালিকাভুক্ত বই অক্টোবর ২০১৪ থেকে অক্টোবর ২০১৬-এর মধ্যে বাংলাদেশে প্রকাশিত হতে হবে।

ঘ) তালিকার সঙ্গে প্রকাশনা প্রতিষ্ঠানের সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রদানের প্রমাণপত্র এবং প্রকাশকের পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি প্রদান করতে হবে। ব্যক্তিগত প্রকাশনার ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য।

ঙ) তালিকায় সর্বাধিক ৪০ (চল্লিশ)টি বইয়ের তথ্য প্রদান করা যাবে।

চ) ২০১৫-২০১৬ অর্থ বছরে যে সমস্ত বই নির্বাচিত হয়েছে সে সমস্ত বই সরবরাহকৃত তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।

ছ) কপিরাইট আইন-পরিপন্থী, পাইরেটেড কোন বই তালিকায় থাকলে প্রকাশনা প্রতিষ্ঠানকে বাছাই তালিকা থেকে বাবদ দেয়াসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

জ) প্রস্তাবিত বইয়ের কাগজ অন্যূন ৭০ গ্রাম অফসেট, হার্ড বাইন্ডিং এবং কমপক্ষে ৩ (তিন) ফর্মাবিশিষ্ট হতে হবে।

ঝ) নীতিমালা অনুযায়ী বই নির্বাচনের ক্ষেত্রে একজন লেখকের অনধিক ৫ (পাঁচ)টি বই এবং একটি প্রকাশনা সংস্থার সর্বোচ্চ ২৫টি বই নির্বাচন করা হবে।

ঞ) আগ্রহী প্রকাশক শুধু মূল প্রতিষ্ঠানের বইয়ের তালিকা প্রদান করতে পারবেন কিন্তু তার সহযোগী প্রতিষ্ঠানের বইয়ের তালিকা জমা দেয়া যাবে না। একই বই লেখক ও প্রকাশক উভয়ে জমা দিতে পারবেন না।

ট) নিম্নবর্ণিত ছকে সঠিকভাবে তথ্যাদি উপস্থাপন করতে হবে। কোনভাবেই 'ছক' পরিবর্তন করা যাবে না :

| ক্রমিক নং | লেখকের নাম | বইয়ের নাম | প্রকাশকের নাম, ঠিকানা ও সেলফোন | প্রকাশের তারিখ | মূল্য | কাগজের ধরন | পৃষ্ঠা সংখ্যা | বিষয় | ISBN | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

ডিজি-৫৩৩/১৬ (৫"×৩)

মোঃ আখতারুজ্জামান
পরিচালক (উপ-সচিব)